সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

# প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ষোড়শ সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ষোড়শ সভা গত ২১ সেপ্টেম্বর, ২০২২ তারিখ অপরাহ্ন ২:৩০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ২. | এম.আই.এম. জুলফিকার<br>প্রজেক্ট কো-অর্ডিনেটর, কমপোনেন্ট-৩, এসসিএমএফপি | সদস্য |
| ৩. | মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৪. | মো: লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক, এমই অ্যান্ড এল | সদস্য |
| ৫. | ফওজিয়া তৌহিদ<br>মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) | সদস্য |
| ৬. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |

নৈতিকতা কমিটির সদস্য ও পরিচালক (অপারেশন্স), মো: গোলাম ফারুখ মাঠ পর্যায়ের প্রকল্প এলাকা পারিদর্শনে থাকায় নৈতিকতা কমিটির সভায় উপস্থিত থাকতে পারবেন না মর্মে অবহিত করেছেন। সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিমান কুমার ঘোষ, জুনিয়র কর্মকর্তা (সুশাসন ও জবাবদিহিতা) ।

**সভার আলোচ্যসূচী:**

১. গত ২৬/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম (প্রথম) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।
৩. এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২২ প্রসঙ্গে।
৪. বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।
৫. কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।
৬. বিবিধ।

**আলোচ্যসূচী-১:**

গত ২৬/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতপর গত ২৬ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১৫ তম সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ঐকমত্য প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:**

২৬/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১৫তম সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচী-২:**

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম (প্রথম) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে, কর্ম-পরিকল্পনার

- সূচক ১.১ (নৈতিকতা কমিটির সভা আয়োজন): প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার যে লক্ষ্যমাত্রা তা আজকের সভা অনুষ্ঠিত হবার মাধ্যমে অর্জিত হচ্ছে ।
- সূচক ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন): এর অর্জন হচেছ এই সভা হতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন। সভার সভাপতি জানতে চান যে, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অবস্থা জানার জন্য কোন তালিকা তৈরী করা হয়েছে কিনা। জবাবে নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) সভাকে অবহিত করেন যে, যেহেতু মন্ত্রণালয়ে প্রতি প্রান্তিকে অগ্রগতির প্রমাণক দেয়ার বাধ্যবাধকতা রয়েছে সেহেতু আমরা প্রতি প্রান্তিকে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরী করছি।
- সূচক ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি সভার তথ্য ফাইলে সংরক্ষণ করা হচ্ছে।
- সূচক ১.৫ (কর্ম-পরিবেশ উন্নয়ন): এই সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং কর্মসূচি চলমান আছে। অপ্রয়োজনীয় বা ব্যবহার অনুপযোগী আসবাবপত্র এবং অন্যান্য উপকরণ রয়েছে তা বিক্রয় এবং প্রয়োজনে বিনষ্টকরণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি ব্যবহার অনুপযোগী মালামালের তালিকা তৈরী করেছে। টেন্ডারের মাধ্যমে অতি সত্বর মালামাল বিক্রি করার প্রক্রিয়া চলছে। ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন এই বিষয়ে দ্রুত কাজ সম্পন্ন করার জন্য তাগিত দেন।
- সূচক ১.৬ (আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান): লক্ষ্যিত সময়ের মধ্যে অর্জিত

লক্ষ্যমাত্রা অর্জন হবে বলে নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) আশাবাদ ব্যক্ত করেন।

- সূচক ২.১ (২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ): লক্ষ্যমাত্রা লক্ষ্যিত সময়ের মধ্যে অর্জিত হয়েছে।
- সূচক ২.২ (অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- সূচক ২.৩ (বাজেট বাস্তবায়ন): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- সূচক ২.৪ (প্রকল্পের PIC সভা আয়োজন): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- সূচক ৩.২ (দুর্নীতির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ): এই সূচকে কার্যক্রম চলমান আছে।
- সূচক ৩.৪ (নারীর ক্ষমতায়ন): এই সূচকে কর্মসূচি চলমান আছে। নারীর ক্ষমতায়ন-এর প্রমাণক তথ্য উপাত্ত দিতে হবে। এ সংক্রান্ত তথ্য উপাত্ত এমইএল বিভাগ সরবরাহ করবে।
- সূচক ৩.৫ (সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ): এই সূচকের কার্যক্রম চলমান আছে।

**আলোচ্যসূচী-৩:**

এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২০২২ প্রসঙ্গ।

**আলোচনার সারসংক্ষেপ:**

এই বিষয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) সভাকে অবহিত করেন যে, মাঠ পর্যায় থেকে প্রেরিত পুরস্কারের জন্য সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা ব্যবস্থাপনা পরিচালক এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির আহ্বায়ক-কে প্রদান করা হয়েছে। এই পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন, শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটিকে সভা আহবান করতে বলেন। সভায় শুদ্ধাচার পুরস্কার পাওয়ার যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তালিকা চূড়ান্ত করা হবে।

**সিদ্ধান্ত:**

শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির পরবর্তী সভায় শুদ্ধাচার পুরস্কার পাওয়ার যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তালিকা চূড়ান্ত করা হবে।

**আলোচ্যসূচী-৪:**

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গ।

**আলোচনার সারসংক্ষেপ:**

নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ কর্তৃক অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া তৈরি করে জমা দেয়া হয়েছে, যার কপি নৈতিকতা কমিটির সকল সদস্যকে দেওয়া হয়েছে। এছাড়া মাঠ

পর্যায়ে আঞ্চলিক ব্যবস্থাপকদের (সুশাসন ও জবাবদিহিতা) সাথে অনুষ্ঠিত জুম মিটিং-এ সংক্রান্ত আলোচনা করা হয়েছে।

**সিদ্ধান্ত:**
আগামী সভায় মাঠ পর্যায়ে সকল আঞ্চলিক ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)-এর সাথে জুম মিটিং-এ আলোচনা হতে প্রাপ্ত ফিডব্যাক ও নৈতিকতা কমিটির সকল সম্মানিত সদস্যের মতামতের উপর আলোচনা করে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকার খসড়া চূড়ান্ত করতে হবে। অতপর ওয়েবসাইটে আপলোড করা হবে।

**আলোচ্যসূচী-৫:**
কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

**আলোচনার সারসংক্ষেপ:**
দেশ হতে কোভিড-১৯ (Covid-19) ভাইরাস সম্পূর্ণভাবে নির্মূল না হওয়ায় এবং কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে মাস্ক পরিধান এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণে যথেষ্ট শৈথিল্য পরিলক্ষিত হওয়ায় সকল কর্মকর্তা/কর্মচারীকে এ সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট নির্দেশনা মেনে চলা বাধ্যতামূলক বলে নৈতিকতা কমিটি আহ্বায়ক এ জেড এম সাখাওয়াত হোসেন সভাকে অবহিত করেন।

**আলোচ্যসূচী-৬:**
বিবিধ

বিবিধ আলোচনায় কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ জেড এম সাখাওয়াত হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি